

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৩৩]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৩৬: মুক্তাদীর ইমামের পেছনে হাঁচি দিয়ে 'আলহামদু লিল্লা-হ' বলা

قول المأموم إذا عطس خلف الإمام

আরবী

أَخْبَرَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ مُحَمَّدٍ قَالَ: حَدَّثَنَا مَخْلَدٌ قَالَ: حَدَّثَنَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ الْجَبَّارِ بْنِ وَائِلٍ، عَنْ أَبِيهِ، قَالَ: صَلَّيْتُ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا كَبَّرَ رَفَعَ يَدَيْهِ أَسْفَلَ مِنْ أُذُنَيْهِ فَلَمَّا قَرَأَ غَيْرَ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ سُوْرَةَ الْفَاتِحَةِ آيَةَ 7، قَالَ: آمِينَ فَسَمِعْتُهُ وَأَنَا خَلْفُهُ قَالَ: فَسَمِعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا يَقُولُ: الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ فَلَمَّا سَلَّمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ صَلَاتِهِ قَالَ: مَنْ صَاحِبُ الْكَلِمَةِ فِي الصَّلَاةِ فَقَالَ الرَّجُلُ أَنَا يَا رَسُولَ اللَّهِ وَمَا أَرَدْتُ بِهَا بِأَسًّا قَالَ: النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَقَدْ ابْتَدَرَهَا اثْنَا عَشَرَ مَلَكًا فَمَا نَهْنَهَهَا شَيْءٌ دُونَ الْعَرْشِ .

تخریج دارالدعوة: تفرد به النسائي، تحفة الأشراف: (١١٧٦٢)، مسند احمد ٢/٣١٥،

٣١٧ (صحيح) (اس سند میں عبدالجبار اور ان کے باپ وائل بن حجر رضی اللہ عنہ کے درمیان انقطاع ہے، لیکن ”فما نهنها...“ کے جملے کے علاوہ اوپر کی حدیث سے تقویت پا کر بقیہ حدیث صحیح لغیرہ ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 933 - صحيح لغیرہ دون قوله
فما نهنها

বাংলা

৯৩২. আবদুল হামীদ ইবনু মুহাম্মাদ (রহ.) 'আবদুল জাব্বার ইবনু ওয়ায়িল (রহ.) সূত্রে তার পিতা ওয়ায়িল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.)-এর পিছনে সালাত আদায় করেছি। যখন তিনি তাকবীর বললেন, তাঁর কর্ণদ্বয়ের নিম্ন পর্যন্ত দু'হাত তুললেন যখন তিনি “গয়রিল মাগযুবি 'আলায়হিম ওয়ালায যো-ল্লীন” বললেন, তখন 'আ-মীন' বললেন। রাবী বলেন, আমি তার পিছনে থেকে তা শ্রবণ করলাম। তখন রাসূলুল্লাহ (সা.) শুনলেন, এক ব্যক্তি বলছে- “আলহামদু লিল্লা-হি হামদান কাসীরন ত্বইয়িবাম্ মুবা-রকান ফীহি।” যখন নবী (সা.) সালাম ফিরালেন তখন বললেন, সালাতে বাক্যটি কে বলেছে? তখন ঐ ব্যক্তি বলল, হে আল্লাহর রসূল! আমি বলেছি। আর আমি এ দ্বারা খারাপ কিছু ইচ্ছা করিনি। নবী (সা.) বললেন, বারোজন মালাক তা তাড়াতাড়ি আরশে তুলে নিয়ে গেল এবং তাতে কোন বাধা সৃষ্টি হয়নি।

সহীহ: বুখারী ৮৫৫, মুসনাদে আহমাদ ১৮৮৮০; فَمَّا نَهْنَهَى... অংশ বাদে হাদীসটি পূর্বের হাদীসের সহায়তায় সহীহ।

English

36. What A Person Should Say If He Sneezes Behind The Imam

It was narrated from Abdul-Jabbar bin Wa'il that : His father said: I prayed behind the Messenger of Allah (ﷺ) and when he said the takbir, he raised his hands to the bottom of his ears. When he recited: Not (the way) of those who earned Your anger, nor of those who went astray), he said: 'Amin,' and I could hear him although I was behind him. The Messenger of Allah (ﷺ) heard a man saying: 'Al-hamdu lillahi, hamdan kathiran tayiban mubarakan fih, (Praise be to Allah, much good and blessed praise.)' When the Prophet (ﷺ) said the salam and finished his prayer, he said: 'Who spoke those words during the prayer?' The man said: 'I did, O Messenger of Allah, but I did not mean anything bad thereby.' The Prophet (ﷺ) said: Twelve angels hastened (to take it) and nothing is stopping it going all the way to the Throne.'

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল জাব্বার ইবনু ওয়ায়িল (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=87306>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন